তারিখ · 30 · JAN · 2017 ।
পৃষ্ঠা ৭ কলাম ৪

# সরিষাবাড়ীতে মাদ্রাসায় হামলা
# শিক্ষক-ছাত্রসহ আহত ১৫

■ **সরিষাবাড়ী (জামালপুর) প্রতিনিধি**
জামালপুরের সরিষাবাড়ীতে দাখিল পরীক্ষার্থীদের বিদায় অনুষ্ঠানে স্থানীয় সন্ত্রাসীরা অতর্কিত হামলা চালিয়েছে। পৌরসভার কোনাবাড়ি দাখিল মাদ্রাসায় রোববার সকালে এ ঘটনা ঘটে। হামলা চলাকালে ছাত্র-শিক্ষকসহ ১৫ জন আহত হয়েছেন। এ সময় আতঙ্ক ছড়িয়ে পড়লে শিক্ষার্থী ও বিদায়ী অনুষ্ঠানের আমন্ত্রিত অতিথিরা মাদ্রাসা প্রাঙ্গণ ত্যাগ করেন। আহতদের সরিষাবাড়ী স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

সরিষাবাড়ী পৌরসভার কোনাবাড়ি দাখিল মাদ্রাসার এসএসসি (দাখিল) পরীক্ষার্থীদের বিদায় অনুষ্ঠান গতকাল সকালে মাদ্রাসা প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠান চলাকালে স্থানীয় সন্ত্রাসী রিপন মিয়ার নেতৃত্বে ৮-১০ জন রড ও সাইকেলের চেইন নিয়ে মাদ্রাসায় প্রবেশ করে। পরে অনুষ্ঠানে অতর্কিতভাবে হামলা চালিয়ে এলোপাতাড়ি ছাত্র-শিক্ষকদের পিটিয়ে গুরুতর আহত করে তারা। এ সময় মাদ্রাসায় আতঙ্ক ছড়িয়ে পড়লে শিক্ষার্থী ও বিদায়ী অনুষ্ঠানের আমন্ত্রিত অতিথিরা প্রাঙ্গণ ত্যাগ করেন। পরে সন্ত্রাসীরা ঘটনাস্থল থেকে দ্রুত চলে যায়। হামলার ঘটনায় গুরুতর আহত দশম শ্রেণির ছাত্র শাকিল আহম্মেদ, খোরশেদ আলম, গোলাম রাব্বী, হারুন আহম্মেদ, শিক্ষক বদরুল রশিদ, আব্দুল মালেক ও রেজাউল করিমকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। অন্যদের প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে। হামলার কারণ জানা যায়নি। মাদ্রাসার প্রধান শিক্ষক মহিউদ্দিন বলেন, দাখিল পরীক্ষার্থীদের বিদায় অনুষ্ঠান চলাকালে স্থানীয় সন্ত্রাসীরা অতর্কিত হামলা চালায়। সরিষাবাড়ী থানার ওসি রেজাউল ইসলাম খান জানান, এ ব্যাপারে আমার জানা নেই। অভিযোগ পেলে ব্যবস্থা নেওয়া হবে।